

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/29/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**কিংস্টন-রাইনক্লিফ ব্রিজ এম্পায়ার স্টেট ট্রেইলের (EMPIRE STATE TRAIL)নির্মাণের কথা
ঘোষণা করেছেন গভর্নর কুওমো**

**ট্রেইল সেকশনটি এই শরতে শেষ হবে এবং এই বছরের পরের দিকে এম্পায়ার ট্রেইলের সাথে যুক্ত
হবে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে কিংস্টন-রাইনক্লিফ ব্রিজের উপর দিয়ে নতুন পথচারীদের পথের নির্মাণ কাজ চলছে। এই একক পথটি, যা শরতের শুরুতে শেষ হবার কথা, তাকে এম্পায়ার স্টেট ট্রেইলের নেটওয়ার্কের সাথে যুক্ত করা হবে এই বছরের পরের দিকে, যার ফলে হাডসন নদী এবং ক্যাটস্কিল মাউন্টেন রেঞ্জের অনন্য দৃশ্য দেখতে পাওয়া যাবে।

"এম্পায়ার স্টেট ট্রেইল আমাদের রাজ্যের সবচেয়ে উত্তেজনাপূর্ণ বহিরঙ্গন আকর্ষণের একটি, যা নিউ ইয়র্কবাসী এবং অতিথিদের একই সঙ্গে সমগ্র রাজ্য জুড়ে ভ্রমণ করার সুযোগ প্রদান করে এবং তার প্রাকৃতিক সৌন্দর্য কাছ থেকে দেখার সুযোগ প্রদান করে", **গভর্নর কুওমো বলেন।** "নতুন কিংস্টন-রাইনক্লিফ ব্রিজ এই ট্রেইলে হাইকিং করার সময় শুধু হাডসন নদী পার হওয়া পথচারীদের জন্য সহজ করবে না, এটি এই সুন্দর অঞ্চলকে এক্সপ্লোর করার জন্য আরও বেশী দর্শকদের আকৃষ্ট করতে সাহায্য করবে এবং ক্যাটস্কিল ও আমাদের সমগ্র রাজ্যকে আরও বেশি করে বহিরঙ্গনের বিনোদনের জন্য একটি জাতির-নেতৃস্থানীয় গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করবে।"

"এম্পায়ার স্টেট ট্রেইল বাফালো থেকে অ্যালবেনি এবং নিউ ইয়র্ক শহর অবধি ব্যাপ্ত, যা একটি আশ্চর্যজনক বিনোদনমূলক অভিজ্ঞতা প্রদান করে অধিবাসী এবং দর্শনার্থীদের", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "কিংস্টন-রাইনক্লিফ ব্রিজের উপর একটি নতুন পথচারীদের পথ নির্মাণ আমাদের যোগাযোগ বৃদ্ধি করার এবং আমাদের ট্রেইল নেটওয়ার্ক প্রসারিত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে, বর্ধিত প্রবেশাধিকার এবং নতুন অর্থনৈতিক সুযোগ প্রদান করে।"

ব্রিজের পশ্চিম দিকের রুট 32 এর অন-র‍্যাম্প থেকে পূর্ব দিকের রুট 199 এবং রিভার রোডের মোড়, অবধি কাজ চলছে। ব্রিজ ডেকের উপর পথের কাজের মধ্যে থাকবে প্রধানত লেন রিস্ট্রিক্টিং এবং সেই সাথে রাঞ্চল স্ট্রিপ এবং জার্সি ব্যারিয়ার ইনস্টল করা।

নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথরিটির (New York State Bridge Authority) বোর্ডের চেয়ারম্যান রিচার্ড এ. গেরটাইন বলেন, "এই নতুন পথচারীদের ক্রসিং নিউ ইয়র্কের সবচেয়ে বড় প্রাকৃতিক সম্পদের দুটির নান্দনিক দৃশ্য প্রদান করবে: হাডসন নদী এবং ক্যাটস্কিল পর্বতমালা। এটি একটি

গুরুত্বপূর্ণ ট্রেইল লিংক হিসাবেও কাজ করবে, পার্ক, ঐতিহাসিক সাইট, এবং শুধু হাডসন উপত্যকায় নয়, সাম্রাজ্যী রাজ্য জুড়ে সমাজগুলিকে, বাসিন্দাদের এবং দর্শনার্থীদের সাথে সংযুক্ত করে।"

নিউইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক তারা সুলিভান বলেন, "গভর্নর কুওমোর এক রাজ্যব্যাপী ট্রেইল নেটওয়ার্কের কল্পনা আরো এক ধাপ অগ্রসর হল কিংস্টন-রাইনক্লিফ ব্রিজে পথচারীদের অ্যাক্সেস যোগ হবারসাথে। ওই সেতুর সুপারস্ট্রাকচার রোড ডেকের নীচে হওয়ায় দর্শনার্থীরা হাডসন নদী ও ক্যাটস্কিল পর্বতমালার পরিষ্কার নৈসর্গিক দৃশ্যের দেখতে পাবেন।"

একটি চার ফুট উঁচু পথচারীদের ওয়াকওয়ে তৈরি করা হচ্ছে ব্রিজের দক্ষিণ দিকে, যা একটি তিন ফুট উঁচু জার্সি ব্যারিয়ার দ্বারা পৃথক করা। ওয়াকওয়েটি ADA অনুবর্তী হবে, প্রতি 200 ফুট অন্তর পাসিং জোন টার্নারউন্ড সহ। সাইকেল চালকদের এখনও প্রয়োজন হবে রাস্তার কাঁধ ব্যবহার করার। রুট 199 ও রিভার রোডের মোড়ে একটি পথচারীদের ক্রসওয়াকও বসানো হবে। প্রকল্পটি শেষ হওয়ার পর সেতুতে স্পিড লিমিট 40 থেকে কমিয়ে 35 মাইল প্রতি ঘন্টা করা হবে।

সেতুর দুই পাশে ট্রেল ব্যবহারকারীদের জন্য পার্কিং এর সুবিধা প্রদান করা হবে। সেতু অফিস ফেসিলিটির পশ্চিম দিকের প্রবেশপথের পশ্চিম দিকে নয়টি ফাঁকা জায়গা প্রদান করা হবে। পূর্ব দিকে, অ্যাপ্রোচ রোডের দক্ষিণ দিক বরাবর 10টি ফাঁকা জায়গা তৈরি করা হবে। নির্দিষ্ট সর্বজনীন পার্কিং এলাকায় পথচারীদের নির্দেশ করার জন্য সাইন পোস্ট করা হবে।

কাজের সময় হবে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত। 2020 সালের শেষের মধ্যে এই পথটি এম্পায়ার স্টেট ট্রেইলের অংশ হবে, যা নিউইয়র্ক শহর থেকে কানাডার বর্ডার পর্যন্ত এবং অ্যালবেনি থেকে বাফালো অবধি একটি অন-এবং-অফ রোড ট্রেলের একটি নেটওয়ার্ক।

নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি

নিউ ইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষ বিয়ার মাউন্টেইন, নিউবার্গ-বিকন, মধ্য-হাডসন, কিংস্টন-রাইনক্লিফ এবং রিপ ভ্যান উইকল সেতুগুলি পরিচালনা করে। এটি হাডসন পথচারী সেতুর উপরের ওয়াকওয়ের কার্ঠামোটি রক্ষণাবেক্ষণ করে। অথোরিটিটি মূলত ব্রিজের টোল থেকে অর্থের যোগান পায় এবং স্টেট বা যুক্তরাষ্ট্রীয় করের অর্থ থেকে ব্রিজ রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার কোনো অর্থ পায় না। আরও শিখুন www.nysba.ny.gov-তে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)